Embassy of the People's Republic
of Bangladesh
Tokyo

প্রেস রিলিজ
টোকিও (জাপান), ১৬ ফেব্রুয়ারি ২০২২

**বাংলাদেশে মানবসম্পদ উন্নয়নে বোয়েসেল ও জাপানি কোম্পানির মধ্যে চুক্তিপত্র স্বাক্ষর**

আজ (১৬-০২-২০২২খ্রি:) মঙ্গললবার বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল) ও জাপানি কোম্পানি- জেনবি কোঅপারেটিভ, আসিয়ান ফাইন্যান্সিয়াল হোল্ডিংস কো: লি: মধ্যে বাংলাদেশের মানবসম্পদ উন্নয়নে সহযোগিতা প্রদান সংক্রান্ত একটি চুক্তিপত্র স্বাক্ষর হয়েছে। বিদ্যমান করোনা পরিস্থিতিতে অনলাইনে টোকিওস্থ বাংলাদেশ দুতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে আসিয়ান ফাইন্যান্সিয়াল হোল্ডিংস কো: লি: চেয়ারম্যন ও সিইও মি. কসিয়াকি নিসিকাওয়া এবং ঢাকায় বোয়েসেলের পক্ষে কোম্পানি সচিব মোঃ আব্দুস সোবহান চুক্তিপত্রটি স্বাক্ষর করেন। এসময় জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ তাঁর স্বাগত বক্তব্যে বলেন, জনশক্তি চাহিদার প্রেক্ষিতে জাপান বিভিন্ন দেশ থেকে টেকনিক্যাল ইন্টার্ন ও স্পেসিফাইড স্কিল্ড ওয়ার্কারস নিয়োগ করছে এবং বাংলাদেশও তাঁদের তালিকাভুক্ত দেশ। ইতোমধ্যে বাংলাদেশ সরকার ৫৩ টি কর্মী প্রেরণকারী প্রতিষ্ঠানকে অনুমোদন দিয়েছে  উল্লেখ করে রাষ্ট্রদূত জাপানে অধিক হারে দক্ষ কর্মী প্রেরণের প্রচেষ্টা অব্যাহত রাখতে সবাইকে আহ্বান জানান। এই চুক্তিপত্র স্বাক্ষরের মাধ্যমে বোয়েসেলকে জাপানে টেকনিক্যাল ইন্টার্ন ও স্পেসিফাইড স্কিল্ড ওয়ার্কার প্রেরণে জেনবি কোঅপারেটিভ সহায়তার প্রদান করবে। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মোঃ বিল্লাল হোসেন এবং আসিয়ান ফাইন্যান্সিয়াল হোল্ডিংস কো: লি: চেয়ারম্যন ও সিইও মি. কসিয়াকি নিসিকাওয়া।

16/02/22

শেখ ফরিদ

দূতালয় প্রধান

3-29, Kioicho, Chiyoda-ku, Tokyo 102-0094, Japan, | Tel:+81-03-3234-5801 | Fax:+81-03-3234-5802
Email : mission.tokyo@mofa.gov.bd | www.bdembjp.mofa.gov.bd